



ঢাকা বিশ্ববিদ্যালয়


বিজ্ঞপ্তি

এম. এ খালেক এবং এ. এন. এইচ বারী ট্রাস্টের বৃত্তি, ২০২৩-২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- ১। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এস. (সম্মান), ১ম বর্ষ বিবিএ এবং ১ম বর্ষ বি.এস.এস. (সম্মান) অর্থনীতি বিষয়ে অধ্যয়নরত আর্থিক অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে (বৃত্তিহীন অথবা, মাসিক অনূর্ধ্ব একশত টাকা পর্যন্ত বৃত্তি প্রাপ্ত) মাসিক ৩০০/= (তিনশত) টাকা হারে ০৫টি (পাঁচ) বৃত্তি প্রদান করা হবে।
- ২। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাদানকল্প মেডিকেল কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এম.বি.বি.এস. শ্রেণিতে অধ্যয়নরত আর্থিক অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে (বৃত্তিহীন অথবা, মাসিক অনূর্ধ্ব একশত টাকা পর্যন্ত বৃত্তি প্রাপ্ত) মাসিক ৩০০/= (তিনশত) টাকা হারে প্রতি শিক্ষাবর্ষের জন্য ০৩টি (তিন) বৃত্তি প্রদান করা হবে।
- ৩। বৃত্তিটি ০১ (এক) বছরের জন্য মঞ্জুর করা হবে এবং ট্রাস্টের নীতিমালা অনুযায়ী কোর্সের সমাপ্তিকাল পর্যন্ত বৃত্তিটি নবায়নযোগ্য।
- ৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি সহ তাদের পূর্ণ নাম, পঠিত বিষয়, শ্রেণি, শ্রেণি রোল, শিক্ষাবর্ষ, হল/কলেজের নাম, মোবাইল নম্বর, পিতা/অভিভাবকের নাম ও পেশা, অধ্যয়নরত ভাই-বোনের সংখ্যা এবং পিতা/অভিভাবকের বার্ষিক আয় সংক্রান্ত সার্টিফিকেট দাখিল করতে হবে। অগ্রহী শিক্ষার্থীদেরকে তাদের স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/কলেজের অধ্যক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।

বিঃ দ্রঃ-সকল আবেদনপত্র আগামী ১৮/১১/২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিসের শিক্ষা-৪ শাখা (ট্রাস্ট এন্ড ফাউন্ডেশন, কক্ষ নং-২০৮/ক)-এ জমা দিতে হবে।


 ২৪/১০/২০২৪
 ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪)
 ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৪/২৪/ ২৪০৬-৬ - ১৩৫

তারিখঃ ২৪/১০/২০২৪ বঙ্গাব্দ
১৪/১০/২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। ডিন, বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/সামাজিক বিজ্ঞান/জীব বিজ্ঞান/আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস/ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(অনুষদ অফিসে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধসহ)
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(হল অফিসে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধসহ)
- ৩। চেয়ারম্যান, বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/সামাজিক বিজ্ঞান/জীব বিজ্ঞান/আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস/ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(বিভাগীয় অফিসে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধসহ)
- ৪। চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(বিভাগীয় অফিসে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধসহ)
- ৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধসহ)